# পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম

**সমস্যা :** আমার পিসিতে বেশ কয়েকটি সমস্যা দেখা দিয়েছে। যেকোনো প্রোগ্রাম রান করলে পিসি হ্যাং করে এবং রিস্টার্ট নেয়। কন্ট্রোল প্যানেলের আইকনে ক্লিক করলে কোনো কিছুই হয় না। ফোল্ডারের ভেতর একই ফোল্ডারের কপি হয়ে যায়। পিসি ব্যবহার করাটা বেশ কষ্টের হয়ে গেছে। আমি উইন্ডোজ বদল করেও দেখেছি, কিন্তু কোনো লাভ হয়নি।

**–রানা, নারায়ণগঞ্জ**

**সমাধান :** এটি ভাইরাসের কারণে হচ্ছে। তাই পিসিতে ভালোমানের অ্যান্টিভাইরাস ইনস্টল করে নিন। ফ্রি অ্যান্টিভাইরাস ব্যবহার না করে মানসম্পন্ন অ্যান্টিভাইরাস বা ইন্টারনেট সিকিউরিটি ইনস্টল করুন। অ্যান্টিভাইরাস সফটওয়্যার আপডেট করে তারপর তা দিয়ে পুরো পিসি স্ক্যান করুন। ভাইরাস ক্লিন করার পর যদি সিস্টেমের কোনো ফাইল মিসিং হয় বা সিস্টেমের চলতে সমস্যা হয়, তবে নতুন করে উইন্ডোজ ইনস্টল করে নিন এবং আবার অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল করে নিন। পেইড অ্যান্টিভাইরাসের ক্ষেত্রে তা মেইল অ্যাকাউন্ট দিয়ে রেজিস্ট্রেশন করে নিন, যাতে উইন্ডোজ বদল করার পরও তা আবার অ্যাক্টিভেট করতে পারেন।

**সমস্যা :** কমডিটারের ডিসপ্লে আসছে না, পাওয়ার অন করলে মনিটর মিট মিট করে কিংবা পাওয়ার আসে কিন্তু কিছুই দেখা যায় না। মনিটরের সমস্যা নাকি গ্রাফিক্স কার্ডের? এ সমস্যার সমাধান কী?

**–শিহাব**

**সমাধান :** এ ধরনের সমস্যা প্রধানত হয় গ্রাফিক্স কার্ডের কারণে। আলাদা গ্রাফিক্স কার্ড না থাকলে মাদারবোর্ডের বিল্টইন গ্রাফিক্স পোর্টে সমস্যা থাকতে পারে। যদি আলাদা গ্রাফিক্স কার্ড থাকে, তবে তা খুলে অন্য পিসিতে লাগিয়ে দেখতে হবে ঠিকমতো কাজ করছে কি না? যদি গ্রাফিক্স কার্ড ঠিক থাকে, তবে র‍্যাম পরখ করে দেখতে হবে। আপনার পিসি কোনো বিপ দেয় কি না তা উল্লেখ করেননি। বিপের আওয়াজ শুনে বিপ কোড জানা থাকলে কোন হার্ডওয়্যারে সমস্যা হয়েছে তা সহজেই অনুমান করা যায়। র‍্যাম খুলে তা অন্য পিসিতে লাগিয়ে চেক করুন। আর যদি দুই স্লটে দুই র‍্যাম থাকে, তবে একটি লাগিয়ে রেখে আরেকটি খুলে চেক করে দেখুন কোন র‍্যাম ঠিক আছে। যদি র‍্যামে কোনো সমস্যা না পান, তবে প্রসেসর বেশি গরম হচ্ছে কি না তা চেক করুন। প্রসেসর আর হিটসিঙ্কের মাঝে যে পেস্ট থাকে তা আছে নাকি শুকিয়ে গেছে তা চেক করুন। যদি শুকিয়ে গিয়ে থাকে, তবে নতুন কিনে লাগিয়ে নিন। এরপরও যদি কোনো সমস্যা না পান, তবে মাদারবোর্ড চেক করাতে হবে। মাদারবোর্ড চেক করানোর আগে পাওয়ার সাপ্লাই ইউনিট (পিএসইউ) ঠিক আছে কি না তা চেক করে দেখুন অন্য কোনো পিসিতে লাগিয়ে। যদি তারপরও কোনো সমস্যা না পান, তবে অভিজ্ঞ টেকনিশিয়ানের কাছে পিসি দেখান।

**সমস্যা :** আমার পিসি ডেস্কটপ আসার আগেই এরর মেসেজ দিয়ে রিস্টার্ট হয়ে যায়। এক বন্ধু পরামর্শ দিল উইন্ডোজ রিইনস্টল করার জন্য। কিন্তু সমস্যা হচ্ছে আমার পিসির সি ড্রাইভে (মাই ডকুমেন্ট ও ডেস্কটপ) কিছু গুরুত্বপূর্ণ ফাইল আছে। এই ফাইলগুলো না মুছে কীভাবে আমি নতুন উইন্ডোজ ইনস্টল করতে পারি?

**–শাকিল**

**সমাধান :** অপারেটিং সিস্টেমের কোনো গুরুত্বপূর্ণ ফাইল মিসিং হলে এ সমস্যা দেখা দেয়। ভাইরাসের কারণে বা হার্ডডিস্কে ব্যাড সেক্টর থাকার কারণে ফাইল মিসিং বা করাপ্ট বা ড্যামেজ হতে পারে। এ ক্ষেত্রে নতুন করে অপারেটিং সিস্টেম দেয়া ছাড়া আর কোনো উপায় নেই। তবে উইন্ডোজ বদলানোর আগে বুটেবল উইন্ডোজ ডিভিডি বা ইউএসবি দিয়ে উইন্ডোজ রিপেয়ার করার চেষ্টা করতে পারেন। যদি তা সফল হয় তবে আপনার আর কষ্ট করে উইন্ডোজ বদল করা লাগবে না। ফাইল ব্যাকআপ নেয়ার জন্য আপনি পিসির হার্ডডিস্কটি খুলে তা অন্য কোনো পিসিতে লাগিয়ে আপনার সি ড্রাইভের ব্যাকআপ নিতে পারেন। যদি তা সম্ভব না হয় তবে লাইভ বুটেবল উইন্ডোজ বা উবুন্টু ডিস্ক দিয়ে পিসি রান করে সি ড্রাইভের ব্যাকআপ নিতে পারেন।

**সমস্যা :** আমি উইন্ডোজ সেভেন ব্যবহার করি। বেশ কিছুদিন ধরে একটি সমস্যা দেখা দিচ্ছে, তা হচ্ছে পিসি হঠাৎ করে স্থির হয়ে যায় এবং আবার ঠিক হয়ে যায়। এটি কি ধরনের সমস্যা?

**–জাভেদ**

**সমাধান :** বেশিরভাগ সময়ই ভাইরাসের কারণে এটি হয়। কোনো কারণবশত কমপিউটারে ইনস্টল হওয়া স্পাইওয়্যারের কারণে। কোনো ই-মেইল থেকে ভুয়া ওয়েবসাইটের লিঙ্কে ক্লিক করার কারণে এটি হতে পারে। অনেক সময়ই এই ফেক মেইলগুলো দেখে মনে হয় এগুলো আপনার ই-মেইল অ্যাকাউন্ট, সোশ্যাল মিডিয়া, ব্যাংক, পেপাল বা এ ধরনের মাধ্যম থেকে এসেছে। এই সমস্যাটি হার্ডওয়্যারের কারণেও হতে পারে। ড্রাইভার প্রোগ্রামগুলো সঠিকভাবে ইনস্টল না হলেও এ সমস্যা দেখা দেয়। কোনো বেটা সফটওয়্যার বা আনসাপোর্টেড ড্রাইভার ইনস্টল করলেও এ সমস্যা দেখা দিতে পারে। ভালোমানের অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল করে তা নিয়মিত আপডেট করুন এবং সিস্টেম স্ক্যান করুন। এতে পিসি সুরক্ষিত থাকবে কজ

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*